শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

নোহ এবং মহা জলপ্লাবন

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অভিযোজন: M. Maillot; Tammy S.

অনুবাদক: Shankar Sikder

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল

www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2015 Bible for Children, Inc

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

নোহই একমাত্র ব্যক্তি যিনি ঈশ্বরের বাধ্য ছিলেন। আর প্রত্যেকেই ঘৃনিত এবং ঈশ্বরের অবাধ্য হয়েছিল। একদিন সদাপ্রভু এমন একটি কিছু বললেন, যা খুব ভয়ানক ছিল। "আমি এই নষ্ট পৃথিবীটাকে ধ্বংস করব," সদাপ্রভু নোহকে এই কথা বললেন। "কেবলমাত্র তোমার পরিবার রক্ষা পাবে।"



ঈশ্বর নোহকে এক ভয়াবহ জলপ্লাবনের মাধ্যমে গোটা পৃথিবী ঢেকে ফেলবেন বলে ইঙ্গিত দিলেন। নোহকে এই বলে আদেশ দিলেন, “একটি কাঠের জাহাজ তৈরী কর, যে জাহাজে তোমার পরিবার এবং অনেক জীবজন্তু থাকতে পারবে।” সদাপ্রভু নোহকে সে জন্য যথাযত নির্দেশনা দিলেন। নোহ তাই করলেন!



নোহের জাহাজ তৈরীর ঘটনা
শুনে অনেক লোক হয়তো
তামাশা করেছিল।
তবুও নোহ
তৈরী করেই
চললেন।
তিনি মানুষকে
ঈশ্বরের পরিকল্পনার
কথাও বলে চললেন।
কিন্তু কেউ শুনল না।

নোহের অন্ড়রে গভীর বিশ্বাস ছিল। পুর্বে এমন অতিবৃষ্টির অভিজ্ঞতা না থাকলেও তিনি ঈশ্বরের কথায় বিশ্বাস করেছিলেন। অল্পদিনের মধ্যেই জাহাজটি তৈরী হয়ে গেলো।

জীবজন্তুদের নিয়ে আসা হলো। ঈশ্বর কিছু প্রজাতি হতে সাত জোড়া এবং অন্যান্য প্রজাতির দুই জোড়া করে জাহাজে তুললেন। ছোট বড় পাখি, ক্ষুদ্র ও বড় জীবজন্তু প্রত্যেকটিকেই জাহাজে তোলা হলো।

মানুষের সংগে জীবজন্তুদের জাহাজে তোলার জন্য লোকেরা হয়তো চিৎকার করে নোহকে ঠাট্টা করেছিল। ঈশ্বরের বিরুদ্ধে তারা তাদের পাপ কাজ বন্ধ করেনি।
তাই তাদেরকে জাহাজে উঠতে দেয়া হলো না।



অবশেষে সকল জীবজন্তু এবং পাখীদের জাহাজে তোলা হলো। ঈশ্বর নোহকে এই বলে আমন্ত্রন জানালেন "তুমি এবং তোমার পরিবার জাহাজে প্রবেশ করো।" নোহ, তাঁর স্ত্রী, তাঁর তিন সন্তান এবং তাঁদের স্ত্রীগন জাহাজে উঠল। তারপর ঈশ্বর জাহাজের দরজা বন্ধ করে দিলেন।

তারপর বৃষ্টি আরম্ভ হলো। চল্লিশ দিন এবং চল্লিশ রাত একটানা বৃষ্টির পর সমস্ড় সমস্ত জল নিচে নিমজ্জিত হলো।



বন্যার জল
সমস্ত শহর ও গ্রাম
প্লাবিত করলো। এমনকি
পাহাড়-পর্বত পর্যন্ড় জল নিচে
তলিয়ে গেল। নিঃশ্বাস গ্রহনকারী যা
কিছু ছিল সবই মারা গেল।

জল বাড়ার সাথে সাথে জাহাজটিও উপরে ভেসে উঠতে লাগলো। এটার ভিতরটা হয়তো অন্ধকার, খারাপ পরিবেশ কিংবা হয়তো ভয়ানক ছিল। কিন্তু জাহাজটি বন্যার সময় নোহকে রক্ষা করেছিল।

বন্যার পাঁচ মাস পর ঈশ্বর শুকনো বাতাস বহালেন। ধীরে ধীরে জাহাজটি অরারট পর্বতের চুড়ায় এসে থামল। জল না কমা পর্যন্ড় নোহ আরও চলি-শ দিন জাহাজের ভিতরে অবস্থান করলেন।





জাহাজের জানালা খুলে নোহ একটি দাঁড় কাক ও একটি কবুতর বাইরে ছেড়ে দিলেন। কোন শুকনা জায়গা না পেয়ে কবুতরটি আবার নোহের কাছে ফিরে আসল।



এক সপ্তাহ পর নোহ আবার চেষ্টা করলেন। কবুতরটি তার ঠোঁটে একটি কচি জলপাই পাতা নিয়ে ফিরে আসলো। পরের সপ্তাহে নোহ বুঝতে পারলেন যে মাটির উপর থেকে জল কমে গেছে কারন কবুতরটি আর ফিরে আসলো না।

ঈশ্বর নোহকে বললেন, জাহাজ থেকে নেমে আসার সময় হয়েছে। নোহ এবং তাঁর পরিবার একত্রে জাহাজ থেকে সমস্ত জীবজন্তুকে নামিয়ে আনলো।

নোহ যে কত কৃতজ্ঞ ছিল তা বুঝা গেল! তিনি সদাপ্রভুর উদ্দেশ্যে একটি বেদী নির্মান করলেন এবং তিনি ও তার পরিবারকে এই মহা জলপ্লাবন হাত থেকে রক্ষা করবার জন্যে ঈশ্বরের সমস্ত করলেন।

ঈশ্বর নোহের সংগে
একটি আশ্চর্য সুন্দর
প্রতিজ্ঞা করলেন।
মানুষের পাপের জন্য তিনি
আর কখনো এই ধরনের জলপ্লাবন
দিবেন না। সদাপ্রভু তাঁর প্রতিজ্ঞা

মনে করিয়ে দেয়ার জন্য
মানুষকে একটি মহান চিহ্ন
দিলেন। ঈশ্বরের দেয়া
এই প্রতিজ্ঞার চিহ্ন
হচ্ছে রংধনু।

বন্যার পর নোহ এবং
তাঁর পরিবারে এক নতুন
জীবনের সূচনা হলো। যথাসময়ে তাঁর
পরবর্তী বংশধর সারা পৃথিবী ভরে তুলল।
পৃথিবীর সমস্ত জাতি নোহ এবং
তাঁর সন্তান-সন্ততির বংশধর
হতে এসেছে।

নোহ এবং মহা জলপ্লাবন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্ড়ক ৬-১০

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬